Bangladesh

সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

প্রধান কার্যালয়, রাজশাহী।

মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট

ফোন নং: [illegible]; ই-মেইল: dgmbcd@rakub.org.bd; ওয়েবসাইট: www.rakub.org.bd

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার লেটার নং-০৬/২০২২ তারিখ : ২০.১১.২০২২

সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়: বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর মধ্যে পল্লী বিদ্যুৎ সমিতির বিদ্যুৎ বিল আদায় সংক্রান্ত চুক্তি নবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)'র এর মধ্যে 'বিদ্যুৎ বিল আদায়ের চুক্তিপত্র'-এর মেয়াদ গত ৩০.০৬.২০২২ তারিখে উত্তীর্ণ হয়েছে।

০২। রাজশাহী ও রংপুর বিভাগে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) এর নিয়ন্ত্রণাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের বিদ্যুৎ বিল আদায়ের জন্য রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)'র মধ্যে গত ০১.০৭.২০২২ খ্রি. তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য 'বিদ্যুৎ বিল আদায়ের চুক্তিপত্র' স্বাক্ষরিত (সংযুক্ত) হয়েছে।

০৩। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবগত করা হলো এবং 'বিদ্যুৎ বিল আদায়ের চুক্তিপত্র'-এ বর্ণিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক পল্লী বিদ্যুৎ সমিতির বিদ্যুৎ বিল সংগ্রহ করার জন্য শাখাসমূহকে নির্দেশ দেয়া হলো। এছাড়াও সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপকগণকে বিদ্যুৎ বিল সংগ্রহের বিষয়টি তদারকিকরত: কোন জটিলতার সৃষ্টি হলে ১১ নং শর্ত মোতাবেক আলোচনা করে স্থানীয়ভাবে নিষ্পত্তি করার পরামর্শ দেয়া হলো।

০৪। চুক্তিপত্রে বর্ণিত শর্তাবলীর বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে এ বিভাগে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২০/১১/২০২২

সংযুক্তি: বর্ণনামতে।

(মুহাঃ হাফিজুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্ব)

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি-৬৩/২০২২-২০২৩/৪৯৪(৪৫৭) তারিখ: ২০.১১.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলার লেটারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

20.11.2022

(আঞ্জুমান শাহানা পারভীন)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

\\172.16.16.50\Computer-2\Anjuman Sahana (SPO)\Letter-Palli Biddut.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খঠ ২৭১৫৪৪৭

"বিদ্যুৎ বিল আদায়ের চুক্তিপত্র"

পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের পক্ষে "বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড", প্রধান কার্যালয়, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯, অতঃপর প্রথম পক্ষ বলিয়া অভিহিত।

এবং

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ২৭২, বনলতা বা/এ, বিমান বন্দর সড়ক, সপুরা রাজশাহী; অতঃপর দ্বিতীয় পক্ষ বলিয়া অভিহিত।

উপরে বর্ণিত দ্বিতীয় পক্ষ, প্রথম পক্ষের অধীনস্থ পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের বিদ্যুৎ বিল সংগ্রহের বর্তমান প্রচলিত ব্যবস্থাকে আরও সুশৃংখল ও কার্যকরী করার লক্ষ্যে প্রথম পক্ষের সহিত লিখিত আকারে একটি চুক্তি সম্পাদন করিবার অভিপ্রায় ব্যক্ত করিলে প্রথম পক্ষ উহাতে সম্মতি প্রদান করায় নিম্নে বর্ণিত শর্তে উভয় পক্ষ অত্র চুক্তি সম্পাদন করিতেছে:-

শর্তাবলীঃ

(০১) এই চুক্তি পত্র 'বিদ্যুৎ বিল আদায়ের চুক্তিপত্র' নামে অভিহিত হইবে;

(০২) এই চুক্তিপত্র অনুযায়ী ২য় পক্ষ 'রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক' এর সকল শাখা পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের গ্রাহকদের বিদ্যুৎ বিল সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতির অনুমোদন সাপেক্ষে গ্রাহকের নিকট হইতে গ্রহণ করিবে;

(০৩) বিদ্যুৎ বিল সংগ্রহের জন্য পল্লী বিদ্যুৎ সমিতি সংশ্লিষ্ট ব্যাংকে একটি "নন অপারেটিং **এসএনডি**" হিসাব খুলিবে। উক্ত হিসাব হইতে সমিতি কর্তৃপক্ষ কোন প্রকার অর্থ উত্তোলন করিতে পারিবে না। সমিতির বিদ্যুৎ বিল বাবদ প্রতি মাসে সংগৃহীত অর্থ পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখ পর্যন্ত উক্ত হিসাবে সংরক্ষিত থাকিবে এবং ব্যাংক ১৬ (ষোল) তারিখে (সরকারি/সাপ্তাহিক বন্ধ থাকিলে পরবর্তী প্রথম কার্যদিবসে) সমিতির নির্দেশিত ব্যাংক হিসাবে অনলাইনের মাধ্যমে (BEFTN/RTGS) প্রেরণ নিশ্চিত করিবে;

(০৪) পল্লী বিদ্যুৎ সমিতি হইতে ইস্যুকৃত বিদ্যুৎ বিলের বিপরীতে গ্রাহকগণ কর্তৃক পরিশোধিত অর্থ গ্রহণ করিয়া ব্যাংক বিলের উভয় কপিতে টাকার অংকসহ 'অর্থ গ্রহণ' সীলমোহর প্রদানসহ স্বাক্ষর প্রদান করিবে এবং অর্থ গ্রহণের পর মূল কপি গ্রাহককে ফেরৎ প্রদান করিবে এবং দ্বিতীয় কপির ভিত্তিতে ব্যাংক তাহাদের হিসাব সংক্রান্ত কার্যাবলী সম্পাদনের পর পল্লী বিদ্যুৎ সমিতিতে প্রেরণ নিশ্চিত করিবে;

(০৫) পল্লী বিদ্যুৎ সমিতিতে অর্থের পর্যাপ্ততা থাকা সাপেক্ষে স্ব স্ব ব্যাংকের মাধ্যমে আদায়কৃত বিদ্যুৎ বিলের অর্থ সংশ্লিষ্ট ব্যাংকের প্রচলিত হার সুদে স্থায়ী/স্বল্প মেয়াদী [illegible] জমা রাখিবে।

(০৬) সংশ্লিষ্ট ব্যাংক শাখাসমূহ [illegible] পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সরবরাহকৃত ছকে দৈনিক বিদ্যুৎ বিল সংগ্রহ প্রতিবেদন প্রস্তুত করিবে [illegible] একজন সমিতির পিয়ন কাম ম্যাসেঞ্জার সংশ্লিষ্ট ব্যাংক হইতে প্রস্তুতকৃত প্রতিবেদন সংগ্রহ করিবে। সংগৃহীত প্রতিবেদনে উল্লিখিত অর্থ সমিতির হিসাব খাতে জমা প্রদানের [illegible] 'রাজস্ব' টিকিট লাগানোর প্রয়োজন হইলে [illegible]

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খঠ ২৭১৫৪৪৮

(০৭) ব্যাংক কর্তৃক আদায়কৃত অর্থ স্থানান্তরের জন্য সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতি নিয়ম অনুযায়ী ''ব্যাংক চার্জ'' প্রদান করিবে;

(০৮) বিল পরিশোধের সর্বশেষ তারিখে সরকারি ছুটি থাকিলে সে ক্ষেত্রে পরবর্তী প্রথম কার্যদিবসে কোন বিলম্ব মাশুল ছাড়া বিল গ্রহণ করা যাইবে;

(০৯) সমিতি কর্তৃক সরবরাহকৃত ফর্মে মাসিক হিসাব বিবরণী প্রস্তুত করিয়া ২য় পক্ষ ব্যাংক উহা যথাসময়ে সমিতিতে প্রেরণ নিশ্চিত করিবে;

(১০) সংশ্লিষ্ট কাগজপত্রে (বিদ্যুৎ বিল সংগ্রহ প্রতিবেদন, মাসিক ব্যাংক হিসাব বিবরণী ইত্যাদি) কোনরূপ কাটাছেঁড়া/দোবারা লিখন করা হইলে, তাহা প্রস্তুতকারী ক্যাশিয়ার, ২য় কর্মকর্তা/শাখা ব্যবস্থাপক প্রত্যেকের নাম, পদবী সম্বলিত সীলসহ পূর্ণ স্বাক্ষরে প্রত্যায়িত হইতে হইবে। তবে সর্বাবস্থায় বর্ণিত কাগজপত্র কাটাছেঁড়া/দোবারা লিখন পরিহার করা বাঞ্ছনীয়;

(১১) চুক্তি বলবৎ থাকাকালীন ব্যাংকিং কার্যক্রমে কোন অনিয়ম বা জালিয়াতির কারণে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কিংবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি ক্ষতিগ্রস্থ হইলে তাহার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষের উপর বর্তাইবে এবং ইহার জন্য ঘটনার ০১ (এক) হতে ০৩ (তিন) মাসের মধ্যে আমানতকারীর আমানত ফেরত প্রদানের নিশ্চয়তা বিধানসহ প্রয়োজনীয় ক্ষতিপূরণ ব্যাংক কর্তৃপক্ষ বহন করিবে;

(১২) চুক্তিবদ্ধ ব্যাংকে অবশ্যই অনলাইন সেবা কার্যক্রম থাকিতে হইবে এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পল্লী বিদ্যুৎ সমিতি এবং গ্রাহকগণ উক্ত সেবা গ্রহণে যাতে সক্ষম হন সে বিষয়টি নিশ্চিত করিতে হইবে। এ বিষয়ে প্রযোজ্য ক্ষেত্রে সকল পল্লী বিদ্যুৎ সমিতির সার্ভারের সাথে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক যুক্ত থাকিবে এবং পল্লী বিদ্যুতের টেকনিক্যাল ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর টেকনিক্যাল টিম এক সাথে কাজ করিবে। এই বাবদ প্রয়োজনীয় যন্ত্রপাতি/যন্ত্রাংশ/স্থাপনা ও উহার পরিচালনার সফটওয়্যারসহ সংশ্লিষ্ট খরচ স্ব-স্ব অংশের ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বহন করিবে;

(১৩) (ক) বিদ্যুৎ বিলের সহিত শুল্ক ও ভ্যাট বাবদ আদায়কৃত অর্থ ২য় পক্ষ ব্যাংক একটি পৃথক রেজিষ্টারে এন্ট্রি করিবে এবং এই জমাকৃত অর্থ প্রতি সপ্তাহে নির্দিষ্ট কোড/খাত-এ সরকারি কোষাগারে জমা প্রদান করিবে;

(খ) ব্যাংক খাত ও কোড অনুযায়ী আদায়কৃত ভ্যাট বাবদ সরকারি রাজস্বের হিসাব 'স্থানীয় মূল্য সংযোজন কর' সার্কেল-এ মাসিক ভিত্তিতে প্রেরণ করিবে;

(গ) বিদ্যুৎ বিলে ধার্যকৃত শুল্ক ও ভ্যাট বাবদ অর্থ জমা গ্রহণ পূর্বক পরিশোধিত শুল্ক ও ভ্যাট পরিশোধিত হইয়াছে এই মর্মে বিলের গায়ে 'Duty Paid' সীল প্রদান করিবে;

(১৪) কালেকশন এসএনডি হিসাব-এর বিপরীতে যৌক্তিক হারে প্রাপ্য সুদ ২য় পক্ষ ব্যাংক যথাসময়ে ১ম পক্ষের আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিকে প্রেরণ নিশ্চিত করিবে;

(১৫) এই চুক্তিপত্র ০১/০৭/২০২২ খ্রিঃ তারিখ হইতে পরবর্তী ০২ (দুই) বৎসরের জন্য বলবৎ থাকিবে এবং অতঃপর উভয় পক্ষের সম্মতি সাপেক্ষে ইহা পরিবর্তন/পরিবর্ধন/নবায়ন/নতুনভাবে সম্পাদন করা যাইবে। চুক্তিপত্র নবায়নে বিলম্ব ঘটিলে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বিদ্যমান চুক্তি অনুযায়ী বিদ্যুৎ বিল সংগ্রহ ও সংগৃহিত অর্থ স্থানান্তর সংক্রান্ত সকল কার্যক্রম অব্যাহত থাকিবে;

(১৬) চুক্তির মেয়াদ সমাপ্তির পূর্বে যে কোন পক্ষ ০৩ (তিন) মাসের পূর্ব নোটিশে ইহা বাতিল করিতে পারিবে;

(১৭) এই চুক্তির বিষয়ে এবং এই চুক্তির অস্তিত্ব/যথার্থতা বা উহা বাতিল/সমাপ্তকরণ/সংশোধনের বিষয়ে কোন বিরোধ দেখা দিলে উভয় পক্ষ আলোচনার মাধ্যমে উহা নিষ্পত্তি করবে। কোন কারণে উহা নিষ্পত্তি না হইলে প্রচলিত প্রযোজ্য আইন অনুসারে উহা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হইবে,

(১৮) এই চুক্তিতে কোন বিষয় লিপিবদ্ধ না থাকিলে ঐ সকল বিষয়ে উদ্ভূত সমস্যা বাস্তব প্রেক্ষাপটের আলোকে উভয় পক্ষের মধ্যে পারস্পরিক সমঝোতার মাধ্যমে নিষ্পত্তি করা হইবে;

দেশপ্রেমের শপথ নিন দুর্নীতিকে বিদায় দিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খঠ ২৭১৫৪৪৯

(১৯) কোন নির্দিষ্ট এলাকায় বাপবিবো/সমিতির কোন ব্যাংকের সাথে চুক্তি থাকা সত্ত্বেও বাপবিবো/সমিতি উক্ত এলাকার অন্য যে কোন ব্যাংকের সাথেও এ কাজের জন্য চুক্তি সম্পাদনের ক্ষমতা সংরক্ষণ করিবে;

(২০) চুক্তি বলবৎ থাকাকালীন ১ম পক্ষ/ ১ম পক্ষের আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ প্রয়োজন সাপেক্ষে বিদ্যুৎ বিল আদায়ের জন্য ২য় পক্ষের শাখায় বিদ্যমান কালেকশন এসএনডি হিসাব বন্ধ করার ক্ষমতা সংরক্ষণ করিবে;

(২১) উপর্যুক্ত শর্তাবলীর সহিত একমত পোষণ করিয়া উভয় পক্ষের নিম্নোক্ত সাক্ষীগণের উপস্থিতিতে অদ্য ০৭/১১/২০২২ খ্রিঃ তারিখে চুক্তিপত্র স্বাক্ষরিত হইল।

স্বাক্ষর

মোঃ জাহিদুল হক
ব্যবস্থাপনা পরিচালক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী।

দ্বিতীয় পক্ষ

স্বাক্ষর

(আরমান আহসান)
পরিচালক (অর্থ), চঃ দাঃ
আর্থিক মনিটরিং (উঃ অঃ) পরিদপ্তর
প্রথম পক্ষ

উপস্থিত স্বাক্ষীগণ (ঠিকানাসহ):

০১। মাকসুদা নাসরীন
মহাব্যবস্থাপক (পরিচালন)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী।

০২। মুহাঃ হাফিজুল ইসলাম
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্ব)
এন্টি মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন
এন্ড ফ্রডস কন্ট্রোল ডিপার্টমেন্ট
রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

উপস্থিত স্বাক্ষীগণ (ঠিকানাসহ)

০১। মোঃ লতিফুল হক
উপ-পরিচালক (অর্থ)
আর্থিক মনিটরিং (উঃ অঃ) পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা

০২। মোঃ আবু সাঈদ সিদ্দিকী
সহকারী পরিচালক (অর্থ)
আর্থিক মনিটরিং (উঃঅঃ) পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড